অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/12/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সাফোক কাউন্টির আঞ্চলিক ক্যান্সার গবেষণা এলাকায় ক্যান্সারের উচ্চ হারের মোকাবেলায় নতুন পদক্ষেপ নেওয়ার ঘোষণা দিলেন

স্থানীয় ক্যান্সার প্রতিরোধ পুরস্কারে 675,000 মার্কিন ডলার পর্যন্ত নতুন অনুদান প্রদানের সুযোগ

স্থানীয় জোটকে তামাক ব্যবহার কমাতে এবং ভারী ধূমপানের ইতিহাস রয়েছে এমন মানুষের মধ্যে ফুসফুস ক্যান্সারের স্ক্রিনিং বাড়ানোর জন্য হস্তক্ষেপ চিহ্নিতকরণের দায়িত্ব দেয়া হয়েছে

স্টেটের স্বাস্থ্য দপ্তরের (Department of Health, DOH) গবেষণা থেকে পাওয়া গিয়েছে যে – সকল স্টেটের গড়পড়তা থেকে প্রায় দ্বিগুন – তামাকের ব্যবহার সাফোক কাউন্টির সেন্টারিচ, ফার্মিংভিল এবং শেলডেন এলাকায় বর্ধিত ফুসফুস এবং ব্লাডার ক্যান্সারের সম্ভাব্য কারণ

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ সেন্টাররিচ, ফার্মিংভিল এবং শেলডেন এলাকা সহ সাফোক কাউন্টি এলাকায় ক্যান্সারের উচ্চহার মোকাবেলায় নতুন পদক্ষেপের ঘোষণা দিয়েছেন। স্টেটের স্বাস্থ্য দপ্তরের একটি সাম্প্রতিক গবেষণায় এটি দেখা গিয়েছে যে এই এলাকায় – সকল স্টেটের গড়পড়তার প্রায় দ্বিগুন – তামাকের ব্যবহার এই এলাকার নির্দিষ্ট কিছু বর্ধিত ক্যান্সারের সম্ভাব্য কারণ হতে পারে। গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে, এই পরিকল্পনাটির প্রাথমিক মনোযোগের বিষয় হচ্ছে ধূমপান নিবৃত্তির সংস্থান শনাক্ত করা এবং উচ্চ ঝুঁকিতে থাকা মানুষের মধ্যে ফুসফুসের ক্যান্সার স্ক্রিনিং ব্যবহার বৃদ্ধি করা। ফুসফুসের ক্যান্সারের উচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের স্ক্রিনিং করা এই রোগে বেঁচে যাবার সম্ভাবনাকে বাড়িয়ে দিতে পারে, কিন্তু এটি এমন একটি কৌশল যেটিকে পর্যাপ্তভাবে কাজে লাগানো হচ্ছে না।

গভর্নর তামাক ব্যবহার কমাতে এবং উচ্চ ঝুঁকির জনগোষ্ঠীর মধ্যে ফুসফুসের ক্যান্সার স্ক্রিনিং এর ব্যবহার বাড়ানোর জন্য কৌশল উন্নয়ন ও বাস্তবায়নে স্থানীয় অংশীদারদের সঙ্গে কাজ করার জন্যও স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছেন। পুরো সাফোক কাউন্টির শতকরা 16 এবং স্টেটব্যাপি 14 ভাগের তুলনায় এই অঞ্চলে ধূমপানের হার শতকরা 27 ভাগ। অধিকন্তু, এই উদ্যোগের মধ্যে রয়েছে কমিউনিটি ক্যান্সার প্রতিরোধ (Community Cancer Prevention in Action) অনুদানের সুবিধা, যা বার্ষিক 225,000 মার্কিন ডলারের অনুদান,যা স্থানীয় ক্যান্সার প্রতিরোধ মধ্যস্থতার উদ্দেশ্যে প্রায় তিন বছর যাবত চলতে থাকবে এবং যার মূল্যমান সর্বমোট 675,000 মার্কিন ডলার।

"আমরা ক্যান্সার মোকাবেলার জন্য রাজ্য জুড়ে আগ্রাসী পদক্ষেপ গ্রহণ করছি এবং এর মধ্যে রয়েছে স্থানীয় সম্প্রদায়কে উচ্চ ঝুঁকির ব্যক্তির সহায়তা করার জন্য তাদের যে সম্পদ প্রয়োজন তা সরবরাহ করা," **গভর্নর কুওমো বলেন**। "এই নতুন পদক্ষেপগুলো সাফোক কাউন্টি কমিউনিটির হাজার হাজার ধূমপায়ীকে একটি আসক্তি-সৃষ্টিকারী এবং মারাত্মক অভ্যাসকে ত্যাগ করায় এবং তাদের মধ্যে স্ক্রিনিং রেট বাড়ানোয় সাহায্য করবে ফলে যাদের চিকিৎসা প্রয়োজন তারা দ্রুত সেটি পাবে।"

সক্রিয় কমিউনিটি ক্যান্সার প্রতিরোধ হল স্বাস্থ দপ্তরের একটি কর্মসূচি যা নিউ ইয়র্ক স্টেটের একাধিক কমিউনিটির স্থানীয় ক্যান্সার প্রতিরোধ এবং ঝুঁকি হ্রাস মধ্যস্থতায় সহায়তা করে। স্বাস্থ্য দপ্তর (DOH) সাফোক কাউন্টি ক্যান্সার প্রতিরোধ ও হেলথ প্রোমোশন কোয়ালিশন (Suffolk County Cancer Prevention and Health Promotion Coalition)- এর সাথে কাজ করবে, যার সভাপতিত্ব করছেন সাফোক কাউন্টি ডিপার্টমেন্ট অব হেলথ সার্ভিসেস-এর কমিশনার ড. জেমস টমার্কেন। এই জোটের মধ্যে অনেক সদস্য সংস্থা অন্তর্ভুক্ত রয়েছে।

বয়স এবং ধূমপানের ইতিহাসের উপর ভিত্তি করে ফুসফুসের ক্যান্সারের উচ্চ ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্কদের জন্য লো-ডোজ কমপিউটেড টোমোগ্রাফির (কম ডোজ সিটি স্ক্যান) সঙ্গে ফুসফুসের ক্যান্সার স্ক্রিনিং সুপারিশ করা হয়। স্ক্রিনিং দ্রুত ফুসফুসের ক্যান্সার খুঁজে পেতে পারে, যখন চিকিৎসা আরো কার্যকর হতে পারে। তবে জাতীয় গবেষণায় দেখা গিয়েছে যে, খুব অল্প সংখ্যক মানুষই সুপারিশ মেনে ফুসফুস ক্যান্সারের স্ক্রিনিং করছে।

দপ্তর এছাড়াও লিউকেমিয়া, বিশেষ করে শৈশবে নির্ণয়ের মতো ঘটনা বেড়ে যাওয়ার পরিস্থিতির তদন্ত চালিয়ে যাবে। সাম্প্রতিকতম ঘটনা তদন্ত করে আমরা নির্ধারণ করতে সক্ষম হতে পারব যে কোনো ঝুঁকির নিয়ামক কি এই বেড়ে যাওয়ার ঘটনা ব্যাখ্যা করে কিনা। দপ্তরের গবেষকরা ফুসফুস, মূত্রাশয় এবং থাইরয়েড ক্যান্সার আর লিউকেমিয়ার উচ্চতর সংখ্যার কারণে লং আইল্যান্ডের এই এলাকাটিতে তদন্ত করেছেন। এই গবেষণা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "গভর্নর কুউমোর নির্দেশে, দপ্তর যথাযথ প্রতিরোধের সংস্থানগুলোর সাথে জনগণের আরও ভালভাবে সংযোগ স্থাপনের লক্ষ্যে গবেষণা ক্ষেত্রের স্বাস্থ্য সম্পর্কিত ডেটা পর্যালোচনা করেছে। এই তহবিল আমাদের কাউন্টি অংশীদারদেরকে তাদের বর্তমান কর্মসূচি বিস্তৃত করতে এবং এই প্রভাবিত সম্প্রদায়গুলোর মধ্যে তামাকের ব্যবহার হ্রাস করতে অতিরিক্ত কৌশল গড়ে তুলতে সাহায্য করবে।"

সাফোক কাউন্টিতে আজ 12 নভেম্বর সন্ধ্যা 7 টায় বৈঠক অনুষ্ঠিত হবে যেখানে নিউ ইয়র্ক স্টেট এর স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের সাথে অনুসন্ধানের ফলাফল এবং প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করা হবে:

সিডনি গেলবার মিলনায়তন, ছাত্র কার্যক্রম কেন্দ্র

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) স্টোনি ব্রুক
100 Nicolls Road, Stony Brook NY 11794

সাফোক কাউন্টি স্টাডি এরিয়া ছাড়াও, বর্ধিত ক্যান্সারের ঘটনার তদন্ত স্ট্যাটেন আইল্যান্ড (রিচমন্ড কাউন্টি), ইস্ট বাফেলো/ওয়েস্টার্ন চিকটোওয়াগা (এরি কাউন্টি), ও ওয়ারেন কাউন্টিতে পরিচালিত হয়েছিল। গবেষণার লক্ষ্য ছিল স্টেটের নির্দিষ্ট কয়েকটি অঞ্চলে ক্যান্সারের উচ্চ হারের কারণগুলো আরও ভালোভাবে বোঝা এবং ক্যান্সার প্রতিরোধ ও স্ক্রিনিংয়ের প্রচেষ্টাকে আরও ভালোভাবে অবগত করা এবং উচ্চমানের সেবা গ্রহণে উৎসাহিত করা। কোন ক্যান্সার প্রতিরোধ মধ্যস্থতাকে প্রচার করতে হবে এবং সংস্থানগুলোর সাথে রোগীদের সংযুক্ত করার সময় কোন ডায়াগনস্টিক এবং চিকিৎসা পরিষেবাগুলো সবচেয়ে উপকারী হবে তা নির্ধারনে এই সকল অঞ্চলগুলোর সম্ভাব্য প্রবণতাগুলোর পরীক্ষা বিভাগকে সহায়তা করে।

আইন অনুযায়ী নিউ ইয়র্কে ক্যান্সার নির্ণয় বা চিকিৎসার প্রতিটি ঘটনা তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নিউ ইয়র্ক স্টেট ক্যান্সার রেজিস্ট্রিতে (New York State Cancer Registry) জানানো হয়। দেশের প্রথম দিককার ক্যান্সার রেজিস্ট্রি হিসেবে 1940 সালে নিউ ইয়র্ক ক্যান্সার রেজিস্ট্রি প্রতিষ্ঠিত হয় এবং এর পর থেকে বহু প্রশংসা অর্জন করেছে, যার মধ্যে রয়েছে রোগ নিয়ন্ত্রণ এ প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control, CDC) কর্তৃক রেজিস্ট্রি অফ এক্সিলেন্স (Registry of Excellence) হিসেবে নির্বাচত হওয়া এবং উত্তর আমেরিকান কেন্দ্রীয় ক্যান্সার রেজিস্ট্রি সংস্থা (North American Association of Central Cancer Registries) কর্তৃক এটির সম্পূর্ণতা এবং নির্ভুলতার জন্যে গোল্ড সার্টিফিকেশন (Gold Certification) পাওয়া।

আঞ্চলিক ক্যান্সার গবেষনাগুলো ক্যান্সার রেজিস্ট্রিতে রিপোর্ট করা তথ্যের উপরে নির্ভরশীল এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত ডেটার সাথে সংযুক্ত ছিল। কোনো অঞ্চলের জনসংখ্যার চিত্র এবং আর্থ-সামাজিক অবস্থান, ধূমপান এবং প্রতিটি অঞ্চলের পেশাগত এবং শিল্প ইতিহাসের মতো আচরণগত এবং জীবনধারার বিষয়গুলো বিবেচনা করা হয়েছিল। পরিবেশগত বিষয় সংক্রান্ত তথ্যের উৎস মূল্যায়নের জন্য DOH পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC)-এর সঙ্গেও আলোচনা করেছে। গবেষণা অঞ্চলে এসব পরিবেশগত তথ্যের মূল্যায়নের মাধ্যমে এমন কোনো ব্যাপক অস্বাভাবিক পরিবেশগত কারণের পরিচয় মেলেনি, যার দ্বারা কোনো কোনো ক্ষেত্রে ক্যান্সারের প্রকোপ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখতে পারে। আরও তথ্য এখানে রয়েছে।

সিনেটর জন এফ. ফ্লানাগান বলেন, "এই তহবিল তামাকের ব্যবহারের বিপদগুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে এবং প্রাথমিক শনাক্তকরণের গুরুত্ব তুলে ধরে আমাদের স্থানীয় সংস্থাগুলোকে তাদের কার্যকারিতা বৃদ্ধি করতে সহায়তা করবে। তাদের জন্য এই অঞ্চলে আরো বেশি স্ক্রিনিং সুবিধা বাড়ানোর পাশাপাশি সেই শিক্ষাগত পদক্ষেপ সকল বয়সের অধিবাসীদের জন্য উপকারী হবে। এই বিষয়ে তার অঙ্গীকারের জন্য গভর্নর কুউমোকে এবং এই যৌথ প্রচেষ্টায় তাদের অব্যাহত প্রচেষ্টার জন্য ঘটনাস্থলে যারা রয়েছেন তাদেরকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেন, "সেন্টাররিচ, শেলডেন এবং ফার্মিংডেল-এ উচ্চ হারের ক্যান্সার পরিস্থিতি মোকাবেলায়, স্টেটের স্বাস্থ্য দপ্তর একটি গবেষণা পরিচালনা করেছে যেটি এই অঞ্চলের কিছু নির্দিষ্ট ক্যান্সারের সম্ভাব্য কারণ হিসেবে তামাককে চিহ্নিত করেছে। এখন মনোযোগ হচ্ছে প্রাথমিক এবং সম্ভাব্য চিকিৎসাযোগ্য স্তরে রোগ নির্ণয়ের উদ্দেশ্যে যারা ধূমপায়ী তাদেরকে সেই সকল অধিবাসীদের নিবৃত্তি কর্মসূচির সাহায্যে সাহায্য প্রদান এবং উচ্চ ঝুঁকি সম্পন্ন জনগোষ্ঠীর মাঝে ক্রমবর্ধমান ফুসফুসের ক্যান্সারের দিকে। এই কমিউনিটি ক্যান্সার ক্লাস্টার নিয়ে তার কর্মমুখী প্রতিক্রিয়ার জন্য আমরা গভর্নর কুউমোর নিকট কৃতজ্ঞ।"

কাউন্টি এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "আমরা জানি যে ধূমপান ত্যাগের প্রচেষ্টার সময় আচরণ পরিবর্তনের সহায়তায় এবং দীর্ঘমেয়াদী সফলতা নিশ্চিতকরণে তামাক নিবৃত্তি প্রচেষ্টা অত্যন্ত গুরুত্বপুর্ণ। সাফোক কাউন্টিব্যাপি কমিউনিটিগুলোর স্বাস্থ্য উন্নয়ন এবং নিরাপত্তার ক্ষেত্রে ত্বরিতগতির পদক্ষেপ, অতিরিক্ত সংস্থান এবং অংশীদারিত্বের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

সাফোক কাউন্টির আইনপ্রণেতা উইলিয়াম আর. স্পেন্সার বলেন, "এই সকল সাফোক কাউন্টি কমিউনিটিগুলোয় বর্ধিত ক্যান্সারের উচ্চ হারের সম্ভাব্য কারণ হিসেবে গবেষণা তামাক ব্যবহারকে চিহ্নিত করায়, কৌশলগতভাবে এই জনস্বাস্থ্যগত সমস্যার মোকাবেলায় আমাদের সকল সংস্থান ব্যবহারের জন্য আমাদেরকে রাষ্ট্রীয় অংশীদারদের সাথে কাজ করতে হবে। সাফোক কাউন্টিতে আমরা ধূমপান ত্যাগে প্রয়োজনীয় সরঞ্জাম প্রদানে এবং অল্পবয়স্করা যাতে তামাক জাতীয় পণ্যে আসক্তই না হয় তা বাস্তবায়নের দিকে মনোযোগ প্রদান করে চলেছি। স্বাস্থ্য দপ্তর যেটি প্রভাবিত কমিউনিটিগুলোকে সাহায্য এবং শিক্ষিত করায় এই গবেষণাকে কাজে লাগাবে, সেখানে আমরা আমাদের অভিজ্ঞ এবং নিবেদিতপ্রাণ স্বাস্থ শিক্ষাবিদদের পেয়ে ভাগ্যবান।"

ব্রুকহ্যাভেন শহরের সুপারভাইজার এড রোমেইন বলেন, "ক্যান্সারের এই ফলাফল আমার এবং সমগ্র টাউন বোর্ডের (Town Board) জন্য একটি গুরুতর বিষয়। আমাদের যুব ব্যুরো (Youth Bureau) আমাদের তরুণদের শিক্ষিত করার লক্ষ্যে প্রোগ্রাম এবং সেমিনার নিয়ে অনেক বছর ধরে এই বিষয়টির সম্মুখভাগে রয়েছে এবং মানুষকে এই অভ্যাস ত্যাগ করতে সাহায্য করেছে। আমি গভর্নরের প্রচেষ্টাকে সমর্থন করি এবং আমাদের কমিউনিটিতে এই উদ্বেগজনক সংখ্যাকে নামিয়ে আনতে সাহায্য করার জন্য যা প্রয়োজন তা করব।"

###